২০/৬/৮০

দৈনিক বাংলা

018

# ১৬০টি খালের পুনর্খনন শেষ

গত ১৫ই জুন পর্যন্ত সারা দেশে ১৬০টি খালের পুনঃখনন শেষ হয়েছে। গত ডিসেম্বর প্রেসিডেন্ট জিয়া ঘোষিত শান্তিপূর্ণ বিপ্লবের প্রথম পর্যায়ের অধীনে এসব খালের পুনঃখনন শুরু হয়।

বাসসর খবরে প্রকাশ, একজন সরকারী মুখপাত্র বলেন, উত্তরাঞ্চল, চট্টগ্রাম এবং পার্বত্য চট্টগ্রামে এখনো ৭৯টি খালে খনন কাজ চলছে। চলতি মওসুমেই ২০০টি খাল খননের কাজ শেষ হবে বলে তিনি জানান।

তিনি বলেন, গোটা পরিকল্পনার কাজ শেষ হলে ৮ লাখ একর জমিতে

(শেষের পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## খাল পুনর্খনন

(১ম পাতার পর)

পানি সেচের সুবিধা এবং ফসল বছরে এক ফসলের স্থলে তিন ফসল উৎপাদন করা সম্ভব হবে।

প্রতিটি খাল খননে মোট ব্যয়ের পরিশোধের ব্যবস্থা থাকা সত্ত্বেও ২০টি প্রকল্পের কাজ পুরাপুরিই স্বেচ্ছাশ্রমে সম্পন্ন হয়েছে।